ইত্তেফাক

25/3/80
1 4

15

# এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চলতি এস এস সি পরীক্ষার ইংরেজী প্রশ্নপত্র ফাঁস হইয়াছে। গতকাল (সোমবার) ঢাকা শহরে ও নরসিংদীতে এই ফাঁস হওয়ার ব্যাপারটি ইত্তেফাক রিপোর্টার ও সংবাদদাতাদের গোচরীভূত হয়।

গতকাল মধ্যাহ্ন ১২টার সময় কয়েকজন ছাত্র হাতে লেখা একটি প্রশ্নপত্র আনিয়া ইত্তেফাক অফিসে দিয়া জানাইয়া যায়, অপরাহ্নে ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষায় হুবহু এই প্রশ্নগুলি থাকিবে। বিকালে খোঁজ নিয়া দেখা গেল ঘটনা তাহাই ঘটিয়াছে।

ইত্তেফাকের নরসিংদী সংবাদদাতা পরীক্ষা শুরু হওয়ার আগেই শিবপুর থানার ওসিকে হাতে লেখা প্রশ্নপত্র দেখাইয়া স্বাক্ষর নিয়া রাখেন। বিকালে মূল প্রশ্নপত্রের সহিত ওসি লিখিয়াছেন ঃ ইহাতে সন্দেহের লেশ আর নাই যে, পরীক্ষা শুরু হইবার আগেই প্রশ্নপত্রটি ফাঁস হইয়াছে।

আমাদের সংবাদদাতা জানান, পূর্ববর্তী দুইদিনে অঙ্ক ও বাংলা প্রশ্নপত্রের ক্ষেত্রেও একই অবস্থা লক্ষ্য করা গিয়াছে।

এ ব্যাপারে বোর্ডের চেয়ারম্যানের সহিত যোগাযোগ করা

(৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এস এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

হইলে তিনি জানান ঃ এ ধরনের অভিযোগ গত সন্ধ্যা হইতে তাঁহারাও পাইয়াছেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে তদন্ত শুরু করিবার অনুরোধ জানান হইয়াছে।